



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫

[www.wpb71.org](http://www.wpb71.org) ই-মেইল : [wpartymail@gmail.com](mailto:wpartymail@gmail.com)

১৪ মার্চ ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### কমরেড হাজেরা সুলতানা বারডেমের আইসিইউতে

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি পলিটব্যুরো সদস্য, নারী মুক্তি সংসদের কেন্দ্রীয় সভাপতি ও সাবেক সংসদ সদস্য কমরেড হাজেরা সুলতানা গত ১২ মার্চ, ২০২১ তারিখে ডায়েবেটিকস্, নিউরো ও কিডনিজনিত রোগে আক্রান্ত হয়ে ঢাকার শাহবাগস্থ বারডেম হাসপাতলে আইসিইউতে ভর্তি হন। তার করোনা টেস্ট মাধ্যমে নিশ্চিত হওয়া গেছে তিনি করোনা মুক্ত আছেন। তার শারীরিক অবস্থার অবনতি হলে আজ কর্তব্যরত চিকিৎসকের পরামর্শে তাকে এইচডিইউ (হাই ডিপেনডেন্সি ইউনিট)-এ স্থানান্তর করা হয় এবং বর্তমানে সেখানেই তার চিকিৎসা চলছে। তার চিকিৎসার ব্যাপারে সার্বক্ষণিকভাবে তদারকি করছেন পার্টি পলিটব্যুরো সদস্য কমরেড আনিসুর রহমান মল্লিক, কমরেড মাহমুদুল হাসান মানিক, কেন্দ্রীয় সদস্য কমরেড আবুল হোসাইন এবং নারী মুক্তি সংসদের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শিউলি সিকদার প্রমুখ। তারা কমরেড হাজেরা সুলতানার দ্রুত শারীরিক সুস্থতার জন্য পার্টি এবং সকল শুভানুধ্যায়ীদের নিকট শুভ কামনা প্রার্থনা করেছেন।

বার্তা প্রেরক:

(কামরুল আহসান)